

## শাবিতে শিক্ষকদের একাংশের আন্দোলন অব্যাহত

সমস্যা সমাধানের জন্য শিক্ষামন্ত্রীর চিঠি

■ শাইজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি  
শাইজালাল বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. মো:  
আমিনুল হক উইয়ার অপসারণ দাবিতে  
আওয়ামী-বাম সমর্থিত শিক্ষকদের  
একাংশের আন্দোলন অব্যাহত রয়েছে।  
গতকাল মঙ্গলবার ৯ম দিনের মত  
অবস্থান, কর্মসূচি পরিপন্থী করেছেন  
আন্দোলনকারীরা। এদিকে  
বিশ্ববিদ্যালয়ের চলবান-সমস্যা নিরসন  
করতে গতকাল মঙ্গলবার দুপুরে শাবি  
শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড.  
মোঃ কবির হোসেনকে চিঠি দিয়েছেন  
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি।  
চিঠিতে বলা হয়, "আমি আশাবাদী,  
আপনারা সকলে মিলে বিশ্ববিদ্যালয়ের  
সকল সমস্যার সমাধান করে  
বিশ্ববিদ্যালয় ও শিক্ষকদের যথ্য  
অক্ষয় রাখবেন। বিশ্ববিদ্যালয় যাতে  
ডবিষ্যতে সৃষ্টভাবে চলে সেই দিকে দৃষ্টি  
রেখে শিক্ষক সমিতি কাজ করবে, এটাই  
আপনাদের কাছে আমাদের প্রত্যাশা।"

ক্যাম্পাস সূত্র জানায়,  
বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. মো:  
আমিনুল হক উইয়ার অপসারণ দাবিতে  
গত ২২ জুন থেকে আন্দোলনে নেমেছে  
অধ্যাপক ড. জাফর ইকবালের অনুসারী  
শিক্ষকরা। তাঁর স্ত্রী পদার্থ বিজ্ঞান  
বিভাগের অধ্যাপক ড. ইয়াসমিন হকের  
নেতৃত্বে শিক্ষকদের একটি গ্রুপ ৯ম  
দিনের মত এই আন্দোলন অব্যাহত  
রেখেছে। গুচ্ছ পদ্ধতি বাস্তবায়ন করতে  
না পারার রেশ ধরে এই আন্দোলন  
চলছে বলে সূত্র জানিয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড.  
মো: আমিনুল হক উইয়া বলেন, আমি  
আশা করব শিক্ষামন্ত্রীর আহবানে  
আন্দোলনকারীরা সাদা দিয়ে শিক্ষক  
সমিতির মাধ্যমে বর্তমান পরিস্থিতির  
সমাধান করবেন।